**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**8 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

ডিমা হাসাও জেলার উমরাংশুর প্রত্যন্ত তিন কিলোমিটার এলাকার কয়লা খনিতে আটকে পরা  শ্রমিকদের উদ্ধার কাজ ভারী বৃষ্টির কারনে আটকে রয়েছে । উদ্ধার কাজ গতকাল রাতে প্রতিকূল আবহাওয়ার জন্য স্থগিত রাখা হয়েছে । রাজ্যের খনি ও খনিজ দ্রব্য বিভাগের মন্ত্রী কৌশিক রাই, এই বিভাগের উচ্চপদস্থ আধিকারিক, ডিমা হাসাও জেলার আয়ুক্ত, পুলিশ সুপার সহ অন্যান্যরা ঘটনাস্থলে উপস্থিত থেকে উদ্ধার অভিযান তদারক করছেন ।

জাতীয় দুর্যোগ প্রশমন বাহিনীর ত্রিশ জনের এবং রাজ্য দুর্যোগ প্রশমন বাহিনীর আটজনের দল সহ নৌসেনার ডুবুরীরা উদ্ধার অভিযানে অংশ নিয়েছেন ।  এই উদ্ধার অভিযানে নিয়োজিত দলের পক্ষ থেকে জানানো হয়েছে যে- খনিটির ভেতরের জল প্রায় একশো ফুট বৃদ্ধি পেয়েছে । এদিকে এই ঘটনার তদন্তের জন্য পুলিশ খনি এবং খনিজ আইন-১৯৫৭'র অধীনে উম্রাংশু পুলিশ থানায় একটি এজাহার দাখিল করেছে । এই ঘটনা সংক্রান্ত বিষয়ে পুলিশ ইতিমধ্যে একজন লোককে আটক করেছে । উল্লেখ্য- এই কয়লা খনিতে কয়লা সংগ্রহের কাজে নিয়োজিত ২৭জন শ্রমিক সকালে বাইরে থেকে হঠাৎ ঢুকে পড়া জলে আটকে পড়ে ।

---

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা দুদিনের আসাম সফরসূচী নিয়ে গতকাল রাতে গুয়াহাটী এসে পৌঁছেছেন । শ্রী নাড্ডা আজ সকালে তেজপুরের উদ্দেশ্যে যাত্রা করবেন । এরপর শ্রী নাড্ডা বেলা ১২ টায় মঙ্গলদৈ অসামরিক হাসপাতালে ক্রিটিক্যাল কেয়ার ইউনিটের ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন । এরপর কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রী নাড্ডা দরং ক্যান্সার হাসপাতাল , গেরিমারীতে নির্মীয়মান আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয় এবং ১৫ নম্বর জাতীয় সড়কের চারলেন যুক্ত বাইপাসের নির্মানকাজ পরিদর্শন করবেন । শ্রী নাড্ডা আজ সিপাঝার অসামরিক হাতপাতালও পরিদর্শন করে মঙ্গলদৈ জেলা আয়ুক্তের সভাকক্ষে জেলার শীর্ষ আধিকারীকদের সঙ্গে বিভিন্ন প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করবেন । শ্রী নাড্ডা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ,দরং -ওদালগুরির সাংসদ দিলীপ শইকিয়া সহ বেশ কয়েকজন বিধায়কের সঙ্গে মিলিত হবেন বলে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন ।

---

রাজ্যের ১১ টি জেলার ১৬ হাজার সরকারী স্কুলের ১৪ লক্ষ শিক্ষার্থীকে অর্ন্তভুক্ত করে আরম্ভ হওয়া গুণোৎসব ২০২৫'র প্রথম পর্যায়ের আজ তৃতীয় দিন বিদ্যালয়গুলির বর্হি-মূল্যায়ন করা হবে ।

এদিকে গতকাল দ্বিতীয় দিন শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু লক্ষিমপুর জেলার পদ্মনাথ গোঁহাইবরুয়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করে কার্যসূচী খতিয়ে দেখেন । আগামী ৭ ফেব্রুয়ারী পর্যন্ত তিনটি পর্যায়ে আয়োজিত এই গুণোৎসবে রাজ্যের শিক্ষা ক্ষেত্রের গুণগত মান নিশ্চিত করার প্রয়াস করা হচ্ছে বলে শিক্ষামন্ত্রী জানান । শ্রীভূমি জেলার বিদ্যালয়গুলোতেও গতকাল শিক্ষার্থীদের বহির্মূল্যায়ন করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের ৪৯ বছর পূর্তি উপলক্ষ্যে আজ শিলচর বঙ্গ ভবনে বিভিন্ন কার্য্যসূচী গ্রহন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকাল ১০টায় বঙ্গভবন প্রাঙ্গনে পতাকা উত্তোলন ও বিকেল চারটায় আমাদের সামাজিক-সাংস্কৃতিক সংকট মুহুর্তে আলোর দিশারী বঙ্গ সাহিত্য শীর্ষক বিষয়ের উপর একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে । সভায় সম্মেলনের প্রাক্তন সভাপতি তৈমুর রাজা চৌধুরী মূখ্য বক্তা হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া আজকের সভায় সাহিত্য -সংস্কৃতি ও শিক্ষা জগতের সঙ্গে যুক্ত রাকেশ চন্দ্র নাথ ও মীরা দেবকে সংবর্ধনা জানানো হবে ।

---

কাছাড় জিলা স্বাধীনতা সংগ্রামী সম্মিলনীর উদ্যোগে আগামী ১১ই জানুয়ারী শিলচরের বরাক হিন্দী সাহিত্য সমিতির সভাকক্ষে জেলার স্বাধীনতা সংগ্রামী পরিবারের সদস্যদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করতে একটি সভার আহ্বান করা হয়েছে । সভায় অসম রাজ্য স্বাধীনতা সম্মিলনীর সভাপতি পুনেশ্বর দুয়ারা এবং সাধারণ সম্পাদক দ্বীজেন্দ্র মোহন শর্মা সহ ৮ জনের একটি প্রতিনিধি দল উপস্থিত থাকবে ।

---

কাছাড় জেলা কৃষি বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার জনজাতী সম্প্রদায়ের কৃষকদের জন্য 'ধরতী আবা জনজাতিয় গ্রাম উৎকর্ষ অভিযান' শীর্ষক প্রকল্পের অধীনে ৯০ শতাংশ রেহাই মূল্যে পাঁচটি পাওয়ার টিলার , পাঁচটি পাওয়ার পেডি থ্রেশার এবং ৬৮টি পাওয়ার উইডার বরাদ্দ করা হয়েছে । এই প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য বন অধিকার আইন ( এফ আর এ)'র অর্ন্তভুক্ত জনজাতি কৃষকদেরই যোগ্য বলে বিবেচনা করা হবে । ইচ্ছুক জনজাতী কৃষকদের আগামী ২০শে জানুয়ারীর মধ্যে আবেদন করতে বলা হয়েছে । বিশদ বিবরণের জন্য জেলা কৃষি আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

অরুনাচল আশ্রমের ১১৭তম বার্ষিক উৎসব আগামী ১৪ থেকে ১৬ই জানুয়ারী পর্য্যন্ত অরুনাচল আশ্রমে অনুষ্ঠিত হবে । এউপলক্ষ্যে আগামী ১৩ই জানুয়ারী বিকেল তিনটায় ভক্ত সম্মেলনী এবং রাত ৮টায় অধিবাস অনুষ্ঠিত হবে । এরপর আগামী ১৪ই জানুয়ারী ভোর তিনটায় প্রাতকালীন প্রার্থনার পর জয় জয় দয়ানন্দ প্রাণ গৌর নিত্যানন্দ মহাযজ্ঞ অনুষ্ঠিত হবে । সকাল ৭টায় পতাকা উত্তোলন করা হবে ।

---